# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**09 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) ২০২৫ সালের জাতীয় পঞ্চায়েত পুরষ্কার ঘোষণা । আসামের ৩টি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন শাখায় পুরষ্কার লাভ ।

২) পশ্চিমবঙ্গে বি জে পির প্রথম মুখ্যমন্ত্রী হিসেবে শুভেন্দু অধিকারীর শপথ গ্রহণ ।

৩) রাজ্যে বি জে পি নেতৃত্বাধীন এন ডি এ সরকারের পরপর তৃতীয়বারের জন্য সরকার গঠনের ব্যাপক প্রস্তুতি অব্যাহত । আগামীকাল বিধায়নী দলের নেতা নির্বাচন ।

৪) বরাক উপত্যকার তিন জেলায় নানা কার্যসূচির মাধ্যমে রবীন্দ্র জয়ন্তী পালন ।

এবং

৫) আগামী ৫ জুলাই আসাম লোকসেবা কমিশনের সংযুক্ত প্রতিযোগিতামূলক প্রারম্ভিক পরীক্ষা ।

-------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ২০২৫ সালের জাতীয় পঞ্চায়েত পুরষ্কার সমূহ ঘোষণা করেছে । দেশের বিভিন্ন প্রান্তের ৪২টি পঞ্চায়েতকে এই সম্মানের জন্য নির্বাচিত করা হয়েছে । আসামের সোনিতপুর জেলার নিউ নপাম গ্রাম পঞ্চায়েত শ্রেষ্ঠ গ্রাম পঞ্চায়েতের নানাজী দেশমূখ সর্বোত্তম পঞ্চায়েত নিরন্তর বিকাশ পুরষ্কার লাভ করেছে । এক ই ভাবে নগাওয়ের জুমরমুর গ্রাম পঞ্চায়েত স্বচ্ছ এবং সবুজ পঞ্চায়েতের সম্মান লাভ করেছে । ডিব্রুগড় জেলার হুগ্রীজান গ্রাম পঞ্চায়েত স্ব-নির্ভরশীল পরিকাঠামোতে জাতীয় পুরষ্কার লাভ করতে সক্ষম হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

পশ্চিমবঙ্গের প্রবীন বি জে পি নেতা শুভেন্দু অধিকারী আজ ওই রাজ্যের প্রথম বি জে পি মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছন । কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে নবনির্বাচিত মুখ্যমন্ত্রীর সঙ্গে আরো ৫ জন কেবিনেট মন্ত্রীরা আজ শপথ গ্রহণ করেছেন । পশ্চিমবঙ্গের রাজ্যপাল আর এন রবি তাদের পদ ও গোপনীয়তা রক্ষার শপথবাক্য পাঠ করান । আজ শপথ গ্রহণ করা অন্য ৫ জন কেবিনেট মন্ত্রীরা হলেন দিলীপ ঘোষ , অগ্নিমিত্রা পাল , অশোক কীর্তনীয়া , নিশিথ প্রামানিক এবং ক্ষুদিরাম টুডু ।

আজকের এই শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং সহ বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী ও বি জে পি শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন । আসাম থেকে বি জে পির প্রবীন নেতা ডক্টর হিমন্তবিশ্ব শর্মাও শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । শপথ গ্রহণস্থল ব্রিগেড গ্রাউন্ডে উপস্থিত হওয়ার আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একটি রোগ-শ্বতেও অংশ গ্রহণ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেইফিউ রিও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসেবে কার্যভার গ্রহণ করা শুভেন্দু অধিকারীকে অভিনন্দন জানিয়েছেন । প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমযোগে বলেছেন যে শ্রী অধিকারী নিজেকে জনসাধারণের সঙ্গে সংযুক্ত নেতা হিসেবে গড়ে তুলতে সক্ষম হয়েছেন । একই সঙ্গে তিনি মুখ্যমন্ত্রীর সফল ভবিষ্যতের শুভকামনা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

এদিকে, রাজ্যে বি জে পি নেতৃত্বাধীন এন ডি এ সরকারের পরপর তৃতীয়বারের জন্য সরকার গঠনের ব্যাপক প্রস্তুতি অব্যাহত রয়েছে । আগামীকাল নতুন বিধায়নী দলের নেতা নির্বাচন করার পর আগামী ১২ মে নতুন সরকার আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করবে । এর জন্য খানাপারের পশূ চিকিৎসা খেলার মাঠে চূড়ান্ত প্রস্তুতি চলছে । শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । এছাড়াও , কেন্দ্রীয় স্ব-রাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , বি জে পির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন সহ বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী এবং বি জে পি শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রী তথা কয়েকজন প্রবীন বি জে পি নেতা শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন । আগামীকাল বি জে পির নবনির্বাচিত বিধায়নী দলের বৈঠক অনুষ্ঠিত হবে । এই বৈঠকে কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে দলের প্রাক্তন সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা এবং হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াব সিং সাইনী উপস্থিত থেকে

বিধায়নী দলের নেতা নির্বাচিত করবেন । বিধায়নী দলের বৈঠকে অংশ গ্রহণ করার জন্য জে পি নাড্ডা এবং নায়াব সিং সাইনী ইতিমধ্যেই গৌহাটি এসে উপস্থিত হয়েছেন । উল্লেখ্য, খানাপারায় আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে বি জে পি ১ লক্ষ লোক সমবেত করার লক্ষ্যমত্রা ধার্য করেছে ।

প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা , প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বীমা যোজনা এবং অটল পেনশন যোজনার ১১ বছর সম্পূর্ণ হয়েছে । কেন্দ্রীয় অর্থ মন্ত্রনালয় বলেছে যে বিশেষকরে সমাজের দূর্বল এবং বঞ্চিত শ্রেণীর লোকেদের বহণক্ষম আর্থিক সুরক্ষা প্রদান করাই এই প্রকল্প সমূহের মূল লক্ষ্য ।

প্রকল্পগুলি সম্পর্কে নিজের মত প্রকাশ করে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা , প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বীমা যোজনা এবং অটল পেনশন যোজনার অর্ন্তভুক্তির মাধ্যমে নূন্যতম মূল্যে বীমা এবং পেনশন সুবিধা প্রদানের উদ্দেশ্যে জন সুরক্ষা প্রকল্প আরম্ভ করেছেন । অর্থমন্ত্রী বলেন যে প্রধানমন্ত্রী জীবনজ্যোতি যোজনার অধীনে ২৭ কোটি অধিক , প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনার অধীনে ৫৮ কোটি এবং অটল পেন্সন যোজনার অধীনে ৯ কোটি লোক নাম পঞ্জীয়ন করেছেন । তিনি বলেন যে প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বীমা যোজনার অধীনে ১০ লক্ষ ৭০ হাজারের অধিক পরিবারের ২১ হাজার ৫শো কোটি টাকার দাবী ইতিমধ্যেই নিষ্পত্তি করা হয়েছে ।

---

দেশের বিভিন্ন স্থানে আজ  বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫ তম জন্মজয়ন্তী আজ গভীর শ্রদ্ধা ও উৎসাহের সঙ্গে পালিত হয় । এ উপলক্ষে পশ্চিমবংগের শান্তি নিকেতন , বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় সহ বিভিন্ন স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে দিনটি পালন করা হয় ।

বরাক উপত্যকার তিন জেলায় ও আজ রবীন্দ্র
জন্মজয়ন্তী উপলক্ষ্যে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয় ।

কাছাড় জেলায় ও বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে কবিগুরুকে স্মরণ করা হয় । শিলচরের আর্যসংস্কৃতি বোধনী সমিতির উদ্যোগে ও লায়ন্স ক্লাব শিলচর ও শিলচর পৌর নিগমের যৌথ উদ্যোগে তারাপুর ইন্ডিয়া ক্লাব প্রাংগনে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিমূর্তিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা সহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় । এছাড়া জেলার বিভিন্ন সংস্থা সংগঠন , বিদ্যালয় , আসাম বিশ্ববিদ্যালয় , গুরুচরণ বিশ্ববিদ্যালয় সহ কলেজগুলিতে ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে দিনটি পালন করা হয়

। সারাদিনব্যাপী অনুষ্ঠানের মাধ্যমে বিশ্বকবির সাহিত্য , সংগীত ও দর্শনকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরার প্রয়াস অব্যাহত রাখা হয় ।

হাইলাকান্দি জেলায় ও আজ বরাক উপত্যকা বংগ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের উদ্যোগে রবীন্দ্র ভবনে কবিগুরু রবীন্দ্র ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে বিশ্বকবির প্রতিমূর্তিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা সহ দিনব্যাপী গ্রহণ করা কার্যসূচীতে রবীন্দ্রসংগীত নৃত্য কবিতা ও শিশুদের মধ্যে চিত্রাংকন প্রতিযোগীতা অনুষ্ঠিত হয় ।জেলার বিভিন্ন বিদ্যালয় , কলেজ ,সংস্থা সংগঠন ও কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উৎসাহ উদ্দীপনায় পালন করা হয় । শ্রীভূমি জেলায় ও আজ উৎসাহ উদ্দীপনার মাধ্যমে কবিগুরুর জন্মজয়ন্তী পালন করা হয় । জেলার শম্ভুসাগর পার্কে কবিগুরুর প্রতিমূর্তিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা সহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

জেলার পাথারকান্দি কলেজ অফ এডুকেশনে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে রবীন্দ্র জয়ন্তী পালন করা হয় । শুরুতে কবিগুরুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পন করা সহ দিনব্যাপী এই অনুষ্ঠানে গান আবৃত্তি নৃত্য কবিগুরুর জীবন দর্শন , সাহিত্যকর্ম ইত্যাদি নিয়ে আলোচনা করা হয় ।জেলার অন্যান্য বিদ্যালয় , কলেজ ও সংস্থা সংগঠনগুলি ও এই দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করে ।

বড়খলাতে ও উৎসাহ উদ্দীপনায় রবীন্দ্র জয়ন্তী পালন করা হয় । সরকারি আদর্শ মহাবিদ্যালয় বড়খলাতে তোমার অসীমে প্রাণমন লয়ে যতদূরে আমি ধাই শীর্ষক অনুষ্ঠানে রবিঠাকুরের সংগীত , নৃত্য আলোচনা ইত্যাদি অনুষ্ঠিত হয় ।প্রদীপ প্রজ্বলন ও কবিগুরুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পনের মাধ্যমে অনুষ্ঠানের সূচণা করা হয় ।

সিনিয়র সিটিজেন ফরাম লক্ষ্মীপুর কবিগুরুর জন্মজয়ন্তী দিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে পালন করে ।

---------------------------------------------------------------------------------

আকাশবাণীর ৯০ বছর পূর্তি উপলক্ষ্যে আকাশবাণী শিলচর কেন্দ্র আজ রবীন্দ্র জয়ন্তীর পূণ্য দিনে কবি প্রণাম শীর্ষক এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে । শিলচর মহিলা কলেজ প্রেক্ষাগৃহে আজ বেলা সাড়ে ১১টা থেকে আয়োজিত এই বিশেষ অনুষ্ঠানে সুদীপ্তা ভট্টাচার্য এবং পঙ্কজ কুমার নাথ রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করেন । এই অনুষ্ঠানে স্বাগত বক্তব্য এবং ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন আকাশবাণী শিলচর কেন্দ্রের দুই

আধিকারিক হিতব্রত ভট্টাচার্য এবং শ্রী শান্তনু কর্মকার । অনুষ্ঠান সঞ্চলনা করেন বিপ্লব বিশ্বাস ।

---------------------------------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগ আগামী ৫ জুলাই সংযুক্ত প্রতিযোগিতামূলক প্রারম্ভিক পরীক্ষা অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছে । এই সম্পর্কে কমিশনের জারী করা অধিসূচনা অনুসারে এই প্রারম্ভিক পরীক্ষা রাজ্যের ৩৫টি জেলা সদরে অনুষ্ঠিত হবে । পরীক্ষার সময়সূচি অনুসারে বেলা ১০টা থেকে ১২টা পর্যন্ত সাধারণ অধ্যয়ন -১ , দুপোর ২টো থেকে বিকেল ৪টা পর্যন্ত সাধারণ অধ্যয়ন - ২ অনুষ্ঠিত হবে । আবেদনকারী প্রার্থীদের তালিকা আগামী ৮ জুন থেকে ১৫ জুনের মধ্যে কমিশনের ওয়াবসাইট WWWW.apsc.nic.in এ পাওয়া যাবে বলে অধিসূচনায় বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ জাতীয় লোক আদালতের আয়োজন করা হয় । এর অংশ হিসেবে রাজ্যের বিভিন্ন স্থানে জেলা আইন সেবা কতৃপক্ষের উদ্যোগে আজ লোক আদালত অনুষ্ঠিত হয় । এই লোক আদালতের মাধ্যমে বিভিন্ন ফৌজদারী , দেওয়ানী , পারিবারিক , মটর দূর্ঘটনা , রাজস্ব সংক্রান্ত মামলা ইত্যাদির নিষ্পত্তি করা হয় । এছাড়া ব্যাংকের লেনদেন সম্পর্কীত মামলা , টেলিফোন বিল , বিদ্যুৎ মাশুল সম্পর্কীত বিবাদসমূহ সমাধান করা হয় ।

হাইলাকান্দি জেলা ন্যায়িক আদালত প্রাংগনে আজ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয় । ২০২৬ সালের দ্বিতীয় এই জাতীয় লোক আদালত সম্পর্কে জেলায় ব্যাপক প্রচার চালানো হয়েছিল । হাইলাকান্দি জেলা আইনসেবা কতৃপক্ষের উদ্যোগে অনুষ্ঠিত এই লোক আদালতে বিদ্যুৎ বিল ও ব্যাংকের ঋণ পরিশোধ না করা গ্রাহকদের ঋণমুক্ত করতে বিশেষ এক শিবিরের আয়োজন করা হয় । এছাড়া মটর দূর্ঘটনা , এন আই এ মামলা ইত্যাদি লোক আদালতে আলাপ আলোচনা ও জরিমানার মাধ্যমে নিষ্পত্তি করা হয় ।

---------------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায়ও জেলা আইন সেবা কতৃপক্ষের উদ্যোগে আজ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয় । এতে মোট ২ হাজার ৬১০ টি মামলার মধ্যে ২৪৬ টি মামলা নিষ্পত্তি করা হয় । এতে ব্যাংকের ঋণ পরিশোধ , বিদ্যুৎ বিল, টেলিফোন বিল, এন আই এ মামলা সহ বিভিন্ন মামলা নিষ্পত্তির প্রয়াস করা হয় ।